দৈনিক সংবাদ
15
09 JUL 1997
তারিখ ... পৃঃ ১ কলাম ২

# এস এস সি'র ফল প্রকাশ

## পাসের হার ঃ ঢাকা-৪৯.৯৭ যশোর-৪৭.৪৫ কুমিল্লা-৬১.১৮ রাজশাহী-৪৯.১৬ ও চট্টগ্রামে ৬১.৩৭ ভাগ

**নিজস্ব বার্তা পরিবেশক**॥ দেশের ৫টি শিক্ষা বোর্ডের ১৯৯৭ সালের মাধ্যমিক পরীক্ষার ফলাফল গতকাল মঙ্গলবার একযোগে প্রকাশিত হয়েছে। এবার পাসের হার চট্টগ্রাম শিক্ষা বোর্ডে সর্বোচ্চ এবং সর্বনিম্ন যশোর বোর্ডে।

ঢাকা শিক্ষাবোর্ডে পাসের হার শতকরা ৪৯ দশমিক ৯৭, যশোরে ৪৭ দশমিক ৪৫, কুমিল্লা বোর্ডে ৬১ দশমিক ১৮, রাজশাহী বোর্ডে ৪৯ দশমিক ১৬ এবং চট্টগ্রাম শিক্ষা বোর্ডে শতকরা ৬১ দশমিক ৩৭।

৫টি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান সম্মিলিতভাবে গতকাল রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দিন আহমদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে পৃথকভাবে দেখা করে ফলাফলের কপি হস্তান্তর করেছেন। প্রত্যেক স্কুলে স্কুলে সংশ্লিষ্ট বোর্ড থেকে বিকেল ৪টায় ফলাফল পাঠিয়ে দেয়া হয়েছে।

৫টি বোর্ডের মধ্যে সর্বোচ্চ ৯৬৬ নম্বর পেয়ে প্রথম স্থান অধিকার করেছে ঢাকা শিক্ষা বোর্ডের মতিঝিল আইডিয়াল স্কুলের ছাত্র কাজী মোহাম্মদ শামীম আল মামুন। দ্বিতীয় ও তৃতীয় স্থানও অধিকার করেছে ঢাকা বোর্ড থেকে। ৯৬২ নম্বর পেয়ে মির্জাপুর ক্যাডেট কলেজের ছাত্র সাকিব আরেফিন খান দ্বিতীয় এবং ৯৪৭ নম্বর পেয়ে ভিখারুন্নেছা নুন স্কুলের ছাত্রী অপরাজিতা গোস্বামী তৃতীয় হয়েছে ৫টি বোর্ডের মধ্যে।

**ঢাকা বোর্ড ঃ** ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে ২ লাখ ২০ হাজার ৫শ' ৬০ জন পরীক্ষার্থীর মধ্যে ২ লাখ ১৫ হাজার ৬শ' ৪ জন পরীক্ষায় অংশগ্রহণ করেছে। এর মধ্যে পাস করেছে ১ লাখ ৭ হাজার ৭শ' ৩০ জন। প্রথম বিভাগে পেয়েছে ৪০ হাজার ৭শ' ২ জন পরীক্ষার্থী, দ্বিতীয় বিভাগে ৬৪ হাজার ৩শ' ৭৯ জন এবং তৃতীয় বিভাগে ২ হাজার ৬শ' ৪৯ জন। পরীক্ষার্থীদের মধ্যে পুরুষ পাসের সংখ্যা ৬৪ হাজার ৩শ' ৬০ এবং মহিলা ৪৩ হাজার ৩শ' ৭০।

প্রথম বিভাগে উত্তীর্ণ পুরুষ ২৬ হাজার ৭২২ ও মহিলা ১৩ হাজার ৯শ' ৪০, দ্বিতীয় বিভাগে পুরুষ ৩৬ হাজার ৩শ' ৯৮ ও মহিলা ২৭ হাজার ৯শ' ৮১, তৃতীয় বিভাগ পুরুষ ১ হাজার ২শ' ৪০ এবং মহিলা ১ হাজার ৪শ' ৯ জন। **এসএসসি** পৃঃ ৯ কঃ ১

## এসএসসি ঃ পরীক্ষার ফল প্রকাশ

( ১ম পৃষ্ঠার পর )

বিজ্ঞান বিভাগে ৯৮ হাজার ১শ' ৬৮ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ৬৫ হাজার ২শ' ৬৫ জন। পুরুষ পাসের সংখ্যা ৪৪ হাজার ২শ' ৯০ এবং মহিলা ২০ হাজার ৯শ' ৭৫ জন। সমাজ বিজ্ঞান বিভাগে ১ লাখ ১৭ হাজার ৪শ' ৩৬ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ৪২ হাজার ৪শ' ৬৫ জন। পুরুষ পাস করেছে ২০ হাজার ৭০ এবং মহিলা ২২ হাজার ৩শ' ৯৫ জন।

ঢাকা শিক্ষা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছে মতিঝিল আইডিয়াল স্কুলের ছাত্র কাজী মোহাম্মদ শামীম আল মামুন। ৮টি বিষয়ে লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৯৬৬। দ্বিতীয় স্থান অধিকার করেছে মির্জাপুর ক্যাডেট কলেজের ছাত্র সাকিব আরেফিন খান, তারও ৮টি বিষয়ে লেটার নম্বর, সে পেয়েছে ৯৬২ নম্বর। সম্মিলিত মেধা তালিকায় তৃতীয় এবং মেয়েদের মধ্যে প্রথম হয়েছে ভিখারুননেছা নুন স্কুলের ছাত্রী অপরাজিতা গোস্বামী ৯৪৭ নম্বর পেয়ে।

মেয়েদের মধ্যে দ্বিতীয় স্থান অধিকার করেছে হলিক্রস গার্লস হাইস্কুলের ছাত্র-সোনিয়া জাহিদ। তার প্রাপ্ত নম্বর ৯৪০।

সমাজ বিজ্ঞান বিভাগে প্রথম স্থান অধিকার করেছে ধনিয়া এ কে হাইস্কুলের ছাত্র সাদ্দাম হোসেন মালিক। ৭টি বিষয়ে লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৮৯৬।

**যশোর বোর্ড ঃ** যশোর শিক্ষা বোর্ডে ১ লাখ ৩৬ হাজার ৬শ' ৩৯ জন পরীক্ষার্থীর মধ্যে ১ লাখ ৩৬ হাজার ১শ' ২৯ জন পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে পাস করেছে ৬৪ হাজার ৫শ' ৮৬ জন। প্রথম বিভাগ পেয়েছে ২০ হাজার ৯শ' ৩৯ জন পরীক্ষার্থী, দ্বিতীয় বিভাগ ৪১ হাজার ৯শ' ৪৮ এবং তৃতীয় বিভাগ ১ হাজার ৭শ' জন। পরীক্ষার্থীদের মধ্যে পুরুষ পাস করেছে ৪০ হাজার ৬ জন এবং মহিলা ২৪ হাজার ৫শ' ৮১। প্রথম বিভাগে উত্তীর্ণ পুরুষ ১৪ হাজার ৭শ' ৫ ও মহিলা ৬ হাজার ২শ' ৩৪, দ্বিতীয় বিভাগে পুরুষ পাস করেছে ২৪ হাজার ৫শ' ৪৫ ও মহিলা ১৭ হাজার ৪শ' ৩। তৃতীয় বিভাগে পুরুষ ৭শ' ৫৬ ও মহিলা ৯৪৪ জন। বিজ্ঞান বিভাগে ৩৬ হাজার ৭শ' ৯৩ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ২৬ হাজার ৩০ জন। সমাজ বিজ্ঞান বিভাগে ৯৯ হাজার ৩শ' ৩৬ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ৩৮ হাজার ৫শ' ৫৭ জন। যশোর শিক্ষা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্র ইফতেখার আলম। ৮টি বিষয়ে লেটার নম্বরসহ সে পেয়েছে ৯৪৩ নম্বর। ৯৩১ নম্বর পেয়ে দ্বিতীয় স্থানে রয়েছে বরিশাল ক্যাডেট কলেজের ছাত্র আবদুল্লাহ আল রেজা। তার রয়েছে ৭টি বিষয়ে লেটার। ৯২৮ নম্বর পেয়ে তৃতীয় স্থানে রয়েছে খুলনা সরকারি করোনেশন গার্লস স্কুলের ছাত্রী নিলুফার আখতার। সমাজ বিজ্ঞান বিভাগে ৮৭১ নম্বর পেয়ে প্রথম হয়েছে বরিশাল ক্যাডেট কলেজের ছাত্র মোহাম্মদ মেহদী মোহাম্মদ। ৮৭০ নম্বর পেয়ে দ্বিতীয় হয়েছে ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্র সৈয়দ ওয়ালিদ রেজা। ৮৬৯ নম্বর পেয়ে তৃতীয় হয়েছে বরিশাল ক্যাডেট কলেজের ছাত্র রোমান মাহমুদ।

**কুমিল্লা বোর্ড ঃ** কুমিল্লা শিক্ষা বোর্ডে ১ লাখ ২২ হাজার ৮শ' ২৯ জন পরীক্ষার্থীর মধ্যে ১ লাখ ১৯ হাজার ৪শ' ৭২ জন পরীক্ষায় অংশ নিয়েছে। পাস করেছে ৭৩ হাজার ৯০ জন। প্রথম বিভাগ পেয়েছে ২৭ হাজার ১শ' ৭১ জন, দ্বিতীয় বিভাগ ৪৪ হাজার ৩শ' ৫৩ এবং তৃতীয় বিভাগ ১ হাজার ৫শ' ৬৬ জন। বিজ্ঞান বিভাগে ৫৪ হাজার ৬শ' ৮৫ জন পরীক্ষা দিয়েছে। পাস করেছে ৪১ হাজার ৫শ' ১৯ জন পুরুষ পাসের সংখ্যা ২৮ হাজার ২৩ এবং মহিলা পাসের সংখ্যা ১৩ হাজার ৪শ' ৯৬।

সমাজ বিজ্ঞান বিভাগে ৬৪ হাজার ৭শ' ৮৭ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ৩১ হাজার ৫শ' ৭১ জন। এর মধ্যে পুরুষ ১৪ হাজার ৩শ' ৯২ এবং মহিলা ১৭ হাজার ১শ' ৭৯ জন। কুমিল্লা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে জিয়া সার কারখানা কলেজের ছাত্র মুশফিক নিয়াজ রহমান। ৭টি বিষয়ে লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৯২৪। দ্বিতীয় হয়েছে কুমিল্লা ক্যাডেট কলেজের ছাত্র রিয়াদ হোসেইন। সে ৭টি লেটারসহ ৯২৩ নম্বর পেয়ে। তৃতীয় হয়েছে তরিকুল ইসলাম। তার নম্বর ৯২২। সেও কুমিল্লা ক্যাডেট কলেজের ছাত্র।

সমাজ বিজ্ঞান বিভাগে প্রথম হয়েছে কুমিল্লা ক্যাডেট কলেজের কামরুল হাসান চৌধুরী। ৬টি বিষয়ে লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৮৮১। ৮৮০ নম্বর পেয়ে একই প্রতিষ্ঠানের ছাত্র মাহবুব আলম দ্বিতীয় হয়েছে।

**রাজশাহী বোর্ড ঃ** রাজশাহী শিক্ষা বোর্ডে ২ লাখ ৪শ' ৪৫ জন পরীক্ষার্থীর মধ্যে ১ লাখ ৮৩ হাজার ৩শ' ৪৫ জন অংশ নেয়। পাস করেছে ৯০ হাজার ১শ' ৩৫ জন। প্রথম বিভাগ পেয়েছে ২৭ হাজার ১শ' ৯৩ জন, দ্বিতীয় বিভাগ ৫৯ হাজার ৪শ' ৬০ এবং তৃতীয় বিভাগ ৩ হাজার ৪শ' ৮২ জন।

বিজ্ঞান বিভাগে ৫৭ হাজার ১শ' ৪৫ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৪০ হাজার ৩শ' ৭৬ জন। এর মধ্যে পুরুষ ৩০ হাজার ২শ' ৪৭ এবং মহিলা ১০ হাজার ১শ' ২৯ জন। সমাজ বিজ্ঞান বিভাগে ১ লাখ ২৬ হাজার ২শ' পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৪৯ হাজার ৭শ' ৫৯ জন। এর মধ্যে পুরুষ ২৫ হাজার ৫শ' ৫৬ এবং মহিলা ২৪ হাজার ২শ' ৩ জন। রাজশাহী শিক্ষা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে দু'জন রংপুর ক্যাডেট কলেজের ছাত্র মোঃ খায়রুজ্জামান ও আনোয়ারুল আবেদীন। ৭টি বিষয়ে লেটারসহ তাদের প্রাপ্ত নম্বর ৯৪৪। দ্বিতীয় ও তৃতীয় স্থানেও রয়েছে রংপুর ক্যাডেট কলেজের ছাত্র তাসলিমা নাসরীন ও আশরাফুল ইসলাম। তারা পেয়েছে ৯৪১ ও ৯৩২ নম্বর। সমাজ বিজ্ঞান বিভাগে ৮৪৫ নম্বর পেয়ে প্রথম হয়েছে জান্নাতুল ফেরদৌস। সেও রংপুর ক্যাডেট কলেজের ছাত্র। দ্বিতীয় হয়েছে চিরিরবন্দর পাইলট হাই স্কুলের ছাত্রী শোলী আরা বেগম। তার প্রাপ্ত নম্বর ৮৪২। তৃতীয় হয়েছে ইক্ষু গবেষণা হাইস্কুলের ছাত্রী উম্মে রুমানি। তার প্রাপ্ত নম্বর ৮২০।

**চট্টগ্রাম বোর্ড ঃ** চট্টগ্রাম শিক্ষা বোর্ডে ৬৪ হাজার ৮৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৬২ হাজার ৩শ' ১৫ জন পরীক্ষায় অংশ নেয়। পাস করেছে ৩৮ হাজার ২শ' ৪২ জন।

প্রথম বিভাগ পেয়েছে ১২ হাজার ৭শ' ৫৪ জন, দ্বিতীয় বিভাগ ২৪ হাজার ২শ' ২ এবং তৃতীয় বিভাগ ১ হাজার ২শ' ৮৬ জন। বিজ্ঞান বিভাগে ২৫ হাজার ৪শ' ৭৮ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ১৯ হাজার ৭শ' ৪৪ জন। এর মধ্যে পুরুষ ১৩ হাজার ১শ' ৮ এবং মহিলা ৬ হাজার ৬শ' ৩৬। সমাজ বিজ্ঞান বিভাগে ৩৬ হাজার ৮শ' ৩৭ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ১৮ হাজার ৪শ' ৯৮। পুরুষ পাস করেছে ৮ হাজার ৩শ' ২৯ এবং মহিলা ১০ হাজার ১শ' ৬৯ জন।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে চট্টগ্রাম পাবলিক স্কুলের ছাত্র এহসানুল হক ইমন। ৬টি বিষয়ে লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৯২১। দ্বিতীয় হয়েছে তিনজন। নাসিরাবাদ সরকারি হাই স্কুলের ছাত্র আবদুল্লাহ আলমুহিত, চট্টগ্রাম ইউরিয়া সার কারখানা স্কুলের ছাত্রী ফারহানা খানম ও একই স্কুলের ছাত্র মহসীন কবীর। তাদের প্রাপ্ত নম্বর ৯১৯। চট্টগ্রাম পাবলিক স্কুলের ছাত্র সাজাদ আহমেদ হাবিব ৯১৮ পেয়ে তৃতীয় স্থানে রয়েছে।